# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
# ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

**Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.**

**Email. updfcht@gmail.com Website: www.updfcht.com**


***Ref:*** ***Date:*** *৬ অক্টোবর ২০২৫*

প্রেস বিজ্ঞপ্তি

## পানছড়িতে ইউপিডিএফ সদস্যের বাড়িতে অস্ত্র পাওয়ার দাবি মিথ্যা

খাগড়াছড়ির পানছড়ির যুবনাশ্ব পাড়ায় ইউপিডিএফের এক সদস্যের বাড়িতে তল্লাশির সময় একটি পিস্তল ও গুলি উদ্ধারের দাবিকে সম্পূর্ণ বানোয়াট, কাল্পনিক ও ভূয়া বলে উড়িয়ে দিয়েছেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর মুখপাত্র অংগ্য মারমা।

আজ সোমবার (৬ অক্টোবর ২০২৫) এক বিবৃতিতে তিনি সেনাবাহিনীর উক্ত দাবিকে প্রত্যাখ্যান করে বলেন, 'আজ ভোরে একদল সেনা সদস্য বেআইনীভাবে ইউপিডিএফের সদস্য প্রভাত চাকমার বাড়িতে প্রবেশ করে তল্লাশি চালায়। তবে ব্যাপক তল্লাশির পরও বেআইনী কোনকিছু উদ্ধার করতে ব্যর্থ হলে তারা সেখান থেকে ফিরে যায়।

'সেনাবাহিনীর এই বেআইনী তল্লাশি ও এক গ্রামবাসীকে আটকের বিরুদ্ধে এলাকার জনগণ এবং বিশেষত নারীরা সংঘবদ্ধ হয়ে সেনাদের সামনে দাঁড়িয়ে প্রতিবাদ জানায়।'

খাগড়াছড়ি ও গুইমারায় পাহাড়িদের ওপর সংঘটিত সাম্প্রদায়িক হামলার বিরুদ্ধে চলমান প্রতিবাদ-বিক্ষোভ থেকে দেশবাসীর দৃষ্টি ভিন্ন দিকে ফেরাতে সেনাবাহিনী এভাবে অস্ত্র উদ্ধার নাটক সাজাচ্ছে বলে অংগ্য মারমা মন্তব্য করেন এবং অবিলম্বে উক্ত হামলার সাথে জড়িত সেনা সদস্য ও সেটেলারদের গ্রেফতার ও শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।